যায়যায়দিন
9 SEP 2005
পৃষ্ঠা ... ৫ ...

সাক্ষরতা দিবস : দেশজুড়ে র‍্যালি আলোচনা

স্বদেশ ডেস্ক

সারাদেশে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বিভিন্ন স্থান থেকে আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর :

রাজবাড়ী : জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে সকালে র‍্যালি বের হয়। র‍্যালি শেষে কনফারেন্স কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। মো. অলি উল্লাহ মিয়ার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ফয়েজ আহমেদ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে অ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, প্রফেসর মতিউর রহমান, প্রভাষক আব্বাস আলী, হাবিবুর রহমান, লুৎফর রহমান বাবু প্রমুখ বক্তৃতা করেন। এদিকে টিআইবির সচেতন নাগরিক কমিটি শহরের নিউ কলোনি এলাকার বস্তিতে বয়স্কদের নিয়ে হাতে-কলমে শিক্ষা ও উপকরণ বিতরণের কর্মসূচি গ্রহণ করে।

চাঁদপুর : সকালে শহরে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। দুপুরে সচেতন নাগরিক কমিটি ও টিআইবি সদর উপজেলার তরপুরচণ্ডী ও বিষ্ণুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। এছাড়া জেলার ফরিদগঞ্জ, হাইমচর, হাজীগঞ্জ, শাহরাস্তি, কচুয়া, মতলব উত্তর ও দক্ষিণ উপজেলায় দিবসটি পালিত হয়।

ব্রাহ্মণবাড়িয়া : র‍্যালি ও আলোচনা সভা হয়। জেলা পরিষদ মিলনায়তনে শেখর ভৌমিকের সভাপতিত্বে আলোচনা সভা হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন হাইমুল কাইয়ুম, রিপন চাকমা, সুবোধ চন্দ্র চৌধুরী, হযরত আলী, জেসমিন খানম, প্রধান শিক্ষক দেওয়ান হাফিজ প্রমুখ।

কুড়িগ্রাম : জেলা প্রশাসন কালেক্টরেট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। সিরাজুল ইসলাম খানের সভাপতিত্বে আলোচনা করেন মো. আসাদুজ্জামান, লায়লা খানম, সাঈদ কুতুব, অ্যাডভোকেট আব্রাহাম লিংকন প্রমুখ।

বাগেরহাট : র‍্যালি শেষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মো. মুয়াজ্জেম হোসাইন। মো. আজম খানের সভাপতিত্বে বক্তৃতা করেন রবীন্দ্রনাথ শর্মা, মো. সাইদুর রহমান, অধ্যাপক মোজাফফর হোসেন প্রমুখ। অন্যদিকে টিআইবি-সনাকের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অ্যাডভোকেট জাহাঙ্গীর আলী বাবুর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তৃতা করেন প্রফেসর চৌধুরী আবদুর রব, শিল্পী সমন্দার, বাবুল সরদার প্রমুখ।

ময়মনসিংহ : জেলা পরিষদের ভাষা শহীদ আবদুল জব্বার মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কাজী আশরাফ উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন এ এন শামসুদ্দিন আজাদ চৌধুরী। সভায় বিশেষ অতিথি ছিলেন মো. মহসিন।

নাটোর : মজিবর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন আবদুর রহমান, সাজেদুর রহমান খান, শফিকুর ইসলাম শিমুল প্রমুখ। অন্যদিকে সকালে সনাক কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি ছায়াবানী মোড় হয়ে পুরনো বাসস্ট্যান্ডে পৌঁছার পর একটি মানববন্ধনের আয়োজন করা হয়। এরপর র‍্যালিটি আবার সনাক কার্যালয়ে গিয়ে শেষ হয়। সেখানে মো. জালালউদ্দিনের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

নোয়াখালী : সকালে নোয়াখালী প্রেসক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে জেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন হারুনুর রশিদ আজাদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মনিরুজ্জামান চৌধুরী। নুরুল আলম মাসুদের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আবুল কাশেম তালুকদার। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জালাউদ্দিন চৌধুরী, এ ডি এম নুরুন্নবী, সাফায়েত মাহবুব, গাফফার আহমেদ, বদরুল নাহার।



সাক্ষরতা দিবসে রাজবাড়ীতে অক্ষর দেখা শিখছেন এক বৃদ্ধ - যাযাদি

মাদারীপুর : স্থানীয় স্বাধীনতা অঙ্গন থেকে এক র‍্যালি বের হয়ে শহরের আবু নাছের মঞ্জু, জামাল হোসেন বিষাদ, শাহজাত হোসেন সোহাগ, শিক্ষার্থী ফাতেমা আক্তার বৈশাখী, মাহমুদ আল ফরহাদ।

হবিগঞ্জ : সকালে জেলা প্রশাসনের উদ্যোগে পিটিআই থেকে একটি র‍্যালি শুরু হয়ে শহর প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে পিটিআই হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শামীমা আরা বেগমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মো. প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শশী কুমার সিংহের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন এ কে এস মাহবুবুর রহমান, ডা. মো. আলমগীর খান, মো. হাবিবুর রহমান, প্রণব কুমার ভট্টাচার্য প্রমুখ।

নবীগঞ্জ (হবিগঞ্জ) : নবীগঞ্জ আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুপুরে র‍্যালি ও পরে স্কুলের একটি কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ব্রাহ্মণবাড়িয়া : সকালে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র‍্যালি জাতীয় বীর আবদুল কুদ্দুস পৌর মুক্তমঞ্চের সামনে থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা পরিষদের সামনে গিয়ে শেষ হয়। পরে জেলা পরিষদ মিলনায়তনে শশাংক শেখর ভৌমিকের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন হাইমুল কাইয়ুম, বিশেষ অতিথির বক্তব্য রাখেন রিপন চাকমা, সুবোধ চন্দ্র চৌধুরী, হজরত আলী, জেসমিন খানম, দেওয়ান হাফিজ প্রমুখ।

কোটচাঁদপুর (ঝিনাইদহ) : র‍্যালি, চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়। স্থানীয় অফিসার্স ক্লাবে জোহর আলীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ইকরামুল হক।

ঠাকুরগাঁও : মুনশী শাহাবুদ্দীন আহমেদের নেতৃত্বে একটি র‍্যালি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহর প্রদক্ষিণ করে। এরপর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মুনশী শাহাবুদ্দীনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন হারুন অর রশিদ, ফজলে আলম, মলয় কুমার রায়, আবু তোরাব মানিক।

পিরোজপুর : র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। র‍্যালিটি শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ শেষে চেম্বার অফ কমার্স মিলনায়তনে এক আলোচনা সভায় মিলিত হয়। গৌতম নারায়ণ চৌধুরীর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ডা. তপন বসু, মইনুল আহসান মুন্না, হালিমা খাতুন, শিক্ষক সালেহ উদ্দীন সেলিম, সাদিয়া মুনীরা ও আকবর হোসেন সুমন।

দাউদকান্দি (কুমিল্লা) : মঙ্গলবার সকালে কুমিল্লার দাউদকান্দি উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালি আয়োজন করা হয়। সকালে উপজেলার বারপাড়া পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের র‍্যালিতে নেতৃত্ব দেন ইউপি চেয়ারম্যান ই আর মাহবুবুল হক। পরে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ওই স্কুলের প্রধান শিক্ষক সামসুল হক। বক্তব্য রাখেন স্কুল শিক্ষক, রৌশনা বেগম, সেলিনা বেগম, পূর্ণিমা আক্তার প্রমুখ।

এছাড়া যেসব যেসব উপজেলা থেকে আমাদের সংবাদদাতারা সাক্ষরতা দিবস পালনের খবর পাঠিয়েছেন সেসব উপজেলা হলো- পার্বতীপুর, সরাইল, মুরাদনগর, ত্রিশাল, শালিখা, গৌরীপুর, ফুলবাড়িয়া, ভাঙ্গা, দৌলতপুর, মানিকগঞ্জ, উথিয়া, চরভদ্রাসন, গৌরিন্দগঞ্জ, কেন্দুয়া, ফটিকছড়ি, বাটখিল, বানারীপাড়া, কাউনিয়া, গুরুদাসপুর ও আশুগঞ্জ।